# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, কৃষিব্যাংক ভবন
৮৩-৮৫, মতিঝিল বানিজ্যিক এলাকা, ঢাকা
মানিলন্ডারিং প্রতিরোধ সেল

**dcamlco@krishibank.org.bd**
**Phone: ০২-৪৭১২০৫১৩**


**বিষয়ঃ মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধে কেন্দ্রীয় পরিপালন কমিটির (CCC) ২০২১-২০২২ অর্থ বছরের ৩য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।**

মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে বিদ্যমান আইন,গাইড লাইনস, বাংলাদেশ ব্যাংক ও বিকেবি'র কেন্দ্রীয় পরিপালন কমিটির নির্দেশনা পরিপালন/বাস্তবায়নের লক্ষ্যে বাংলাদেশ কৃষি ব্যাংকের মানিলন্ডারিং প্রতিরোধ বিষয়ক কেন্দ্রীয় পরিপালন কমিটির (CCC) ২০২১-২০২২ অর্থ বছরের ৩য় ত্রৈমাসিক সভা ২৫-০৪-২০২২ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় ব্যাংকের প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (CAMLCO) ও উপব্যবস্থাপনা পরিচালক-১ জনাব চানু গোপাল ঘোষ মহোদয়ের সভাপতিত্বে বোর্ড রুমে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নোক্ত নির্বাহীগণ/সদস্য উপস্থিত ছিলেন ।

| ক্রঃ নং | নির্বাহী/কর্মকর্তাগনের নাম | পদবী ও কর্মস্থল | CCC এ অবস্থান |
|---|---|---|---|
| ০১ | জনাব চানু গোপাল ঘোষ | উপব্যবস্থাপনা পরিচালক-১ ও প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (CAMLCO), বিকেবি, প্রকা, ঢাকা। | সভাপতি |
| ০২ | জনাব মীর মোফাজ্জল হোসেন | উপব্যবস্থাপনা পরিচালক-২ , বিকেবি, প্রকা, ঢাকা। | সদস্য |
| ০৩ | জনাব মোঃ আজিজুল বারী | মহাব্যবস্থাপক (প্রশাসন মহাবিভাগ), বিকেবি, প্রকা, ঢাকা। | |
| ০৪ | জনাব মামুনুর রশীদ | উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস,কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। | সদস্য |
| ০৫ | জনাব মোহাম্মদ মঈনুল ইসলাম | উপমহাব্যবস্থাপক , ক্রেডিট বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা | সদস্য |
| ০৬ | জনাব মোঃ মোস্তাফিজুর রহমান | উপমহাব্যবস্থাপক, আন্তর্জাতিক বাণিজ্য বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। | সদস্য |
| ০৭ | জনাব মোঃ ফরিদ হাসান | সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে),আইসিটি অপারেশন বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা | সদস্য |
| ০৮ | জনাব জামিল হোসেন | সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে), শাখা নিয়ন্ত্রন ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। | সদস্য |
| ০৯ | জনাব মোহাম্মদ এনামুল হক | সহকারী মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১, বিকেবি,প্রকা, ঢাকা। | সদস্য |
| ১০ | জনাব ফাহমিদা তাবাসসুম | উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা, ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। | সদস্য |
| ১১ | জনাব মোঃআকতার হোসেন | উপমহাব্যবস্থাপক ও উপ-প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (DCAMLCO)। | সদস্য-সচিব |

সভার প্রারম্ভে বাংলাদেশ কৃষি ব্যাংক কেন্দ্রীয় পরিপালন কমিটির (CCC) এর সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভা শুরু করেন। সভাপতি মহোদয় মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধে ব্যাংক জগতে বর্তমানে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় হিসাবে উল্লেখ করেন এবং তার কারণ ব্যাখ্যা করেন। সেই সাথে বাংলাদেশ ব্যাংক কর্তৃক তালিকাভুক্ত ব্যাংকগুলোর উপর AML/CFT বিষয়ক বিভিন্ন ধরণের নির্দেশনাসমূহ যথাসময়ে যথাযথভাবে পরিপালন করার উপর তিনি গুরুত্ব আরোপ করেন।

পরবর্তীতে গত ২০-০১-২০২২ তারিখে অনুষ্ঠিত কেন্দ্রীয় পরিপালন কমিটির (CCC) ২০২১-২০২২ অর্থবছরের ২য় ত্রৈমাসিক সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন/ অগ্রগতি সম্পর্কে আলোচনা করা হয় এবং সভায় আলোচ্যসূচি ভিত্তিক উপস্থাপিত বিষয়সমূহের উপর বিস্তারিত আলোচনাপূর্বক নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

০১। **মানি লন্ডারিং ও সন্ত্রাস অর্থায়ন প্রতিরোধ বিভাগ গঠন সংক্রান্তঃ** বাংলাদেশ ব্যাংক,বিএফআইইউ কর্তৃক প্রেরিত পত্র নং-বিএফআইইউ(ব্যাংক মনিটরিং)-০৭/২০২২-৮৫৭ তারিখ ঃ ০৬-০৩-২০২২ইং এ অনুচ্ছেদ নং-০২ এর সুপারিশ নং ০২ মোতাবেক পৃথক ও স্বয়ংসম্পূর্ণ মানি লন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিভাগ / ডিভিশন গঠন করার জন্য পরামর্শ প্রদান করা হয়। উল্লেখিত বিষয়টি কেন্দ্রীয় পরিপালন কমিটির (CCC) সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনা শেষে কেন্দ্রীয় পরিপালন কমিটি (CCC) মানি লন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিভাগ গঠনের প্রয়োজনীয়তা অনুধাবন করেন। সেই লক্ষ্যে আগামী ব্যবস্থাপনা সমন্বয় কমিটি (MCC) এর সভায় মানি লন্ডারিং সেল এর পক্ষ হতে একটি কার্যপত্র উত্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

**(কার্যকরণঃ মানি লন্ডারিং প্রতিরোধ সেল ,বিকেবি, প্রকা ঢাকা ।)**

**AML প্রশিক্ষণ সংক্রান্ত ঃ)**

ক) প্রধান কার্যালয়ের মানিলন্ডারিং প্রতিরোধ সেল এ কর্মরত অধিকাংশ কর্মকর্তাদের মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিষয়ক প্রশিক্ষণ না থাকায় সংশ্লিস্ট কর্মকর্তাদের পেশাগত দক্ষতা বৃদ্ধি ও অধিক কর্মক্ষম করার লক্ষ্যে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান প্রয়োজন।

খ) অত্র ব্যাংকে মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য মাঠ পর্যায়ে সংশ্লিস্ট কর্মকর্তাদের বিশেষ করে BAMLCO ও শাখার হিসাব খোলার কর্মকর্তাদের মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিষয়ক প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা এবং প্রশিক্ষণ সংক্রান্ত সকল নথি সংশ্লিস্ট বিভাগ কর্তৃক যথাযথভাবে সংরক্ষণের বিষয়টি কেন্দ্রীয় পরিপালন কমিটির (CCC) সভায় আলোচিত হয়।

গ) এছাড়াও অত্র ব্যাংকে AD শাখায় কর্মরত আরোও অধিক সংখ্যক কর্মকর্তাদের BFIU এর নির্দেশনা মোতাবেক Trade Based Money Laundering (TBML) বিষয়ক প্রশিক্ষণ দেওয়ার বিষটির উপর গুরুত্ব দেওয়া হয়।

কেন্দ্রীয় পরিপালন কমিটির (CCC) সভায় প্রশিক্ষণ সংক্রান্ত আলোচনা পর্যালোচনা শেষে উল্লেখিত বিষয়ের উপর মানিলন্ডারিং প্রতিরোধ সেল এর পক্ষ হতে একটি বিস্তারিত মডিউল ও সিডিউল প্রস্তুত করে যথাযথ কর্তৃপক্ষ বরাবর উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

**(কার্যকরণঃ মানি লন্ডারিং প্রতিরোধ সেল, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগ-২, বিকেবি, প্রকা ঢাকা, আন্তর্জাতিক বাণিজ্য বিভাগ ও ষ্টাফ কলেজ বিকেবি, প্রকা, ঢাকা।)**

০৩। **STR/ SAR সংক্রান্ত ঃ**

প্রধান কার্যালয় হতে বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স (BFIU) ইউনিটে প্রেরিত/ প্রেরিতব্য অত্র ব্যাংকে সংগঠিত সন্দেহজনক লেনদেন/ সন্দেহজনক কার্যক্রম সমূহ (STR/ SAR) কেন্দ্রীয় পরিপালন কমিটি (CCC) কে সদয় অবহিত করণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়াও STR/ SAR Report সম্পর্কে মাঠ পর্যায়ে আরো সচেতন থেকে রিপোর্ট প্রদানের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয় যেন রিপোর্টযোগ্য বিষয় সমূহ বাদ না পড়ে সে বিষয়ে সংশ্লিষ্টদের সচেতন থাকতে হবে।

**(কার্যকরণঃ মানি লন্ডারিং প্রতিরোধ সেল, বিকেবি, প্রকা, ঢাকা।)**

০৪। **গ্রাহকের মৌলিক তথ্যাদি ব্যাংকের সিবিএস (CBS) এ সংরক্ষণ ও সংশোধন সংক্রান্ত ঃ**

অঞ্চলভিত্তিক গ্রাহকদের মৌলিক তথ্যাদি সম্বলিত হিসাব সংখ্যা এবং শতকরা হার (%) পর্যালোচনা করে দেখা যায় অত্র ব্যাংকের সিবিএস (CBS)এ সংরক্ষিত বর্তমান অবস্থার প্রেক্ষিতে মৌলিক তথ্যাদি সম্বলিত গ্রাহক সংখ্যার অগ্রগতির হার অত্যন্ত হতাশাব্যঞ্জক। এমতাবস্থায় বিএফআইইউ,বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয় কর্তৃক প্রদত্ত নির্দেশনানুযায়ী নির্দিষ্ট সময়সীমার মধ্যে গ্রাহকের মৌলিক তথ্যাদি ব্যাংকের সিবিএস (CBS) এ সংশোধন এবং সংরক্ষণ প্রক্রিয়া সহজীকরণ ও দ্রুততার সাথে সম্পাদনের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

**(কার্যকরণঃ মানি লন্ডারিং প্রতিরোধ সেল , আইসিটি সিস্টেমস এবং কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।)**

০৫। **মানি লন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিষয়ক গাইডলাইন সংক্রান্ত ঃ**

BKB Money Laundering & Terrorist Financing Risk Management Guidelines-২০২২ গাইডলাইনটি ইংরেজিতে প্রকাশ করার জন্য গত ২৪-০৮-২০২১ তারিখে অনুষ্ঠিত ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির ২৯তম সভায় উপস্থাপন করা হয়।

এছাড়া পর্ষদ ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির সম্মানিত সভাপতি ও সদস্যদের মৌখিক নির্দেশক্রমে গাইডলাইনটি বিভিন্ন সার্কুলার/আইনের সাথে সমন্বয় রেখে বিকেবি স্টাফ কলেজ এর সম্মানিত অনুষদবর্গ কর্তৃক কমিটি গঠনের মাধ্যমে আরও বিচার বিশ্লেষন/সংশোধন/সংযোজন/বিয়োজন এর জন্য বিকেবি স্টাফ কলেজ এ প্রেরণ করা হয় এবং গত ১৩.০৩.২০২২ ইং তারিখে বিকেবি স্টাফ কলেজ হতে সংশোধিত গাইডলাইনটি মানিলন্ডারিং প্রতিরোধ সেল, প্রকা ঢাকায় হস্তান্তরিত হয়।পরবর্তীতে বিএফআইইউ সার্কুলার নং-২৬,তারিখ ১৬.০৬.২০২০,এবং বিদ্যমান আইনের সাথে সমন্বয় রেখে এবং বিকেবি স্টাফ কলেজ ঢাকা হতে প্রাপ্ত সংশোধনীসমূহ পরিপালন এবং ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির ৩১ তম সভায় প্রদত্ত নির্দেশনাসমূহ অনুসরনপূর্বক প্রস্তুতকৃত BKB Money Laundering & Terrorist Financing Risk Management Guidelines-২০২২ নামে English version হিসেবে CCC এর সভায় উপস্থাপন করা হয়। প্রয়োজনীয় সংশোধন ও পরিমার্জন পূর্বক গাইড লাইনটি পরবর্তীতে CCC এর বিশেষ সভার আয়োজন করে বিশদ পর্যালোচনা করার বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়।

**(কার্যকরণঃ মানি লন্ডারিং প্রতিরোধ সেল বিকেবি, প্রকা, ঢাকা।)**

০৬। **অভ্যন্তরীন নিরীক্ষা কর্তৃক ITP সম্পাদনকালে অতিমূল্যায়ন প্রসংগে ঃ**

বাংলাদেশ ব্যাংক, বিএফআইইউ কর্তৃক বাংলাদেশ কৃষি ব্যাংক , প্রধান কার্যালয়ের উপর ৩০-০৬-২০২১ তারিখ ভিত্তিক মানি লন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিষয়ক সিস্টেম চেক পরিদর্শন প্রতিবেদনে নিম্লোক্ত সুপারিশ প্রদান করা হয় ঃ

" অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ কর্তৃক ITP সম্পাদনকালে মানি লন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ শাখার দুর্বলতা চিহ্নিত না করে শাখাকে অতিমূল্যায়ন করার কারণ ব্যাখ্যা করার জন্য অভ্যন্তরীন নিরীক্ষা বিভাগের প্রধানকে নির্দেশনা দেয়া হলো "

অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ কর্তৃক বিএফআইইউ এর উপর্যুক্ত নির্দেশনা পরিপালনের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

**(কার্যকরণঃ অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।)**

29/08/2022

(চানু গোপাল ঘোষ)
উপব্যবস্থাপনা পরিচালক-১
ও
প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (CAMLCO)

প্রকা/আরএমডি-৩০/সিসিসি/২০২১-২০২২/ ৩৪৬৬                                    তারিখ ঃ ২৭-০৪-২০২২

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ**

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৪। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৫। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেম বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
০৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৯। সকল শাখা ব্যবস্থাপক(মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে), বাংলাদেশ কৃষি ব্যাংক।

২৭/৪/২০২২

(মোঃ আকতার হোসেন)
উপ-প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (DCAMLCO)